# এসএসসি পরীক্ষা ২০২১ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড: | ১ | ১ | ২ |

### সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶** সনাতন ধর্মানুসারে স্রষ্টাকে ব্রহ্ম, ঈশ্বর, ভগবান ও অবতার নামে অভিহিত করা হয়েছে। স্রষ্টা ছাড়া যেমন সৃষ্টি হয় না, তেমনি সৃষ্টি ছাড়া স্রষ্টারও কোনো অস্তিত্ব থাকে না।

ক. ধর্মের মূল উৎস কী? ১

খ. সর্বশক্তিমান হিসেবে স্রষ্টার ভূমিকা ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে স্রষ্টাকে ভগবান ও অবতার নামে অভিহিত করা হয়েছে— ব্যাখ্যা কর। ৩

ঘ. স্রষ্টা ছাড়া যেমন সৃষ্টি হয় না, তেমনি সৃষ্টি ছাড়া স্রষ্টারও কোনো অস্তিত্ব থাকে না — মূল্যায়ন কর। ৪

**২.▶** মানবজীবনের শ্রেষ্ঠ প্রাপ্তি ঈশ্বর লাভ বা মোক্ষলাভ। এই মোক্ষলাভের জন্য যুগে যুগে ঋষিগণ ভিন্ন ভিন্ন পথের সন্ধান দিয়ে গেছেন। কর্ম, জ্ঞান ও ভক্তিযোগ এগুলোর যেকোনো একটি সাধন পথ অনুসরণ করলেই মোক্ষলাভ সম্ভব।

ক. 'মোক্ষ' শব্দের অর্থ কী? ১

খ. কর্মযোগ বলতে কী বোঝায়? ২

গ. ভক্তিযোগের মাধ্যমে ঈশ্বর প্রাপ্তি সম্পর্কে ব্যাখ্যা কর। ৩

ঘ. 'মানব জীবনের প্রাপ্তি ঈশ্বর লাভ'— উক্তিটি মূল্যায়ন কর। ৪

Teachingbd24.com

https://teachingbd24.com

৩.▶ মানবের দাদু ঠিক করলেন, জীবনের শেষ বয়সে তিনি তীর্থ ভ্রমণ করে বেড়াবেন। চৈত্র মাসে তিনি সুনামগঞ্জে মহা বারুণীর স্নান করেন। সেখানে একটি নদীতে পৃথিবীর সমস্ত তীর্থের পুণ্যজল রয়েছে। মানবজীবনে এ ধরনের তীর্থস্থান ভ্রমণের গুরুত্ব অপরিসীম।

ক. পুণ্যস্থান কী? ১

খ. ধর্মাচার বলতে কী বোঝায়? ২

গ. তীর্থে স্নান সম্পর্কিত তোমার পাঠ্যপুস্তকে উল্লিখিত তীর্থস্থানের বর্ণনা দাও। ৩

ঘ. 'মানবজীবনে এ ধরনের তীর্থস্থান ভ্রমণের গুরুত্ব অপরিসীম'— বিশ্লেষণ কর। ৪

৪.▶ অসিত তার পিতার মৃতদেহটিকে আত্মীয়-স্বজন নিয়ে সৎকার করলো। অশৌচের সমস্ত নিয়ম ধর্মীয় বিধি অনুসারে শেষ করলেও অর্থাভাবে সাড়ম্বরে শ্রাদ্ধ অনুষ্ঠান করতে পারেনি কিন্তু শ্রদ্ধার সাথে সমস্ত আচার অনুষ্ঠান শেষ করেছে।

Teachingbd24.com

ক. সংস্কার কী? ১

খ. অন্ত্যেষ্টিক্রিয়া বলতে কী বোঝায়? ২

গ. অসিত অশৌচের জন্য কীভাবে নিয়ম পালন করেছিল? পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. অসিতের বাবার শ্রাদ্ধ অনুষ্ঠান যথাযথভাবেই হয়েছে— উক্তিটির সপক্ষে যুক্তি দাও। ৪

৫.▶ প্রণবদের এলাকায় হঠাৎ করে কলেরা রোগ দেখা যায়। আতঙ্কিত এলাকাবাসী এক বিশেষ পূজার আয়োজন করে এবং যথাযথভাবে পূজা সম্পন্ন করে।

ক. দেবতা কাকে বলে? ১

খ. 'একং সদ্ বিপ্রা বহুধা বদন্তি' — বাক্যটি বুঝিয়ে লেখ। ২

গ. প্রণবদের এলাকাবাসী যে পূজা করেছিল তার ব্যাখ্যা দাও। ৩

ঘ. সামাজিক, পারিবারিক ও নৈতিক জীবনে উক্ত পূজার প্রভাব বিশ্লেষণ কর। ৪

৬.▶ তন্ময় যোগের মাধ্যমে শরীরকে নিয়ন্ত্রণ করে মোক্ষলাভের আশা করে। তাই নিয়মিত যোগাসন অনুশীলন করে। 'সুস্থ দেহ সুস্থ মন'-এ কথাটি মনে প্রাণে বিশ্বাস করে। মনের সুস্থতা ছাড়া ঈশ্বরের সাধনা করা যায় না।


ক. যোগসূত্রের প্রণেতা কে? ১

খ. প্রাণায়াম বলতে কী বোঝায়? ২

গ. যোগসাধনার গুরুত্ব ব্যাখ্যা কর। ৩

ঘ. 'সুস্থ দেহ সুস্থ মন'— তাৎপর্য ব্যাখ্যা কর। ৪

৭.▶



ক. যোগ কয়ভাগে বিভক্ত? ১

খ. আসন বলতে কী বোঝ? ২

গ. চিত্রে প্রদর্শিত অনুশীলনকৃত আসনটির অনুশীলন পদ্ধতি লেখ। ৩

ঘ. উক্ত আসনটির অনুশীলনের উপকারিতাগুলো লেখ। ৪

৮.▶ আমাদের এলাকায় তাপসবাবু একজন অত্যাচারী মানুষ ছিলেন। তিনি ছিলেন নাস্তিক। তিনি নিজেকে সর্বেসর্বা মনে করেন কিন্তু তার ছেলের ঈশ্বরের প্রতি ছিল অবিচল ভক্তি। তার বিশ্বাস ঈশ্বরই তাকে রক্ষা করেন এবং ঈশ্বর সর্বময়।

ক. প্রহ্লাদ কে ছিলেন? ১

খ. ধার্মিকের স্বরূপ ব্যাখ্যা কর। ২

গ. পাঠ্যবইয়ের কোন চরিত্রের সাথে তাপস বাবুর চরিত্রের মিল পাওয়া যায় তা ব্যাখ্যা কর। ৩

ঘ. ঈশ্বর সর্বময় এবং তিনিই ধার্মিককে রক্ষা করেন— বিশ্লেষণ কর। ৪

https://teachingbd24.com

৯.▶ প্রাচীন ভারতের সুশ্রুত ও চরক নামে দুইজন মহান চিকিৎসক ছিলেন। সুশ্রুত শল্য চিকিৎসার ৩০০ প্রকার পদ্ধতি বর্ণনা দিয়েছেন। আর চরক বলেছেন রোগের চিকিৎসার চেয়ে প্রতিরোধ করা বেশি জরুরি।

ক. সুশ্রুতের পিতার নাম কী? ১

খ. তিনি কেন চররূপে জন্ম নেন? ২

গ. সুশ্রুত সংহিতার ব্যাখ্যা দাও। ৩

ঘ. 'চরকই প্রথম মানবদেহের পরিপাক, বিপাক ও রোগ প্রতিরোধ সম্পর্কে বলেছেন' — কথাটি বিশ্লেষণ কর। ৪

১০.▶ পদ্মপত্রে বারিবিন্দু যেমন চঞ্চল,
জীবন তেমন হয় অতীব চপল।
জানিও করেছে গ্রাস ব্যাধি বিষধর,
সমস্ত সংসার তাই শোকে জর জর।

ক. কত বছর বয়সে শঙ্করাচার্য মারা যান? ১

খ. 'অদ্বৈতবাদ' বলতে কী বোঝায়? ২

গ. "জীব ও ব্রহ্মের মধ্যে কোনো পার্থক্য নেই-এ ছিল তাঁর জীবনের চরম সত্য"— কথাটি বিশ্লেষণ কর। ৩

ঘ. পদ্মপত্রে বারিবিন্দু............তাই শোকে জর জর— মূল্যায়ন কর। ৪

১১.▶ মাদক গ্রহণ ধর্মের বিপক্ষে। শায়ন ও অয়ন দুই ভাই। শায়ন খারাপ বন্ধুদের সাথে মিশে নেশা জাতীয় জিনিস গ্রহণ করে। অয়ন ধর্মকথা ও বুদ্ধিবলে অমিতের খারাপ অভ্যাস ত্যাগে সমর্থ হয়।

ক. মাদকদ্রব্য কী? ১

খ. "নৈতিক মূল্যবোধ হচ্ছে বিচারের মানদণ্ড"— ব্যাখ্যা কর। ২

গ. শায়নকে সুপথে ফিরিয়ে আনতে কী করা উচিত? ব্যাখ্যা কর। ৩

ঘ. "মাদক গ্রহণ অধর্মের পথ"— বিশ্লেষণ কর। ৪

https://teachingbd24.com

# হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

## বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

বিষয় কোড : | ১ | ১ | ২ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **ঈশ্বর বিশ্ব ব্রহ্মাণ্ডকে কীভাবে পরিচালিত করছেন?**
ক) শৃঙ্খলার সাথে খ) দৃঢ়তার সাথে
গ) সততার সাথে ঘ) সাহসের সাথে

২. **দেবতা ঈশ্বরের—**
i. সাকার রূপ
ii. অবতার
iii. গুণ বা ক্ষমতা ধারণ করে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৩. **শিবকে নটরাজ বলা হয়, কারণ তিনি—**
i. অসুরদের বিনাশ করেন
ii. নাট্যে পারদর্শী
iii. নৃত্য ভালো জানেন
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪. **'কৃষ্ণস্তু ভগবান স্বয়ম্'— কোথায় বলা হয়েছে?**
ক) রামায়ণে খ) শ্রীমদভাগবতে
গ) মহাভারতে ঘ) শ্বেতাশ্বতর উপনিষদে

৫. **সাধারণ অর্থে সেবা বলতে নিচের কোনটিকে বোঝায়?**
ক) পরিচর্যা করা খ) সাহায্য করা
গ) ভালোবাসা ঘ) সহানুভূতি দেখানো

৬. **প্রধান উপদিষদ কয়খানা?**
ক) ৬ খানা খ) ৮ খানা
গ) ১০ খানা ঘ) ১২ খানা

৭. **কামনাযুক্ত কর্মকে কী বলা হয়?**
ক) নিস্কাম কর্ম খ) সকাম কর্ম
গ) স্বরূপ কর্ম ঘ) দেব কর্ম

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও:**
নিজ এলাকাকে কলেরা রোগ থেকে রক্ষা করতে জয়দেবপুর গ্রামের হিন্দুরা সবাই মিলে এক বিশেষ পূজা উদ্‌যাপন করলেন।

৮. **অনুচ্ছেদে উল্লিখিত হিন্দু জনগোষ্ঠী কোন পূজা উদ্‌যাপন করলেন?**
ক) শীতলা খ) দুর্গা
গ) কালী ঘ) সরস্বতী

৯. **উক্ত পূজার মাধ্যমে আমরা সচেতন হব—**
i. নিজেদের অধিকার সম্পর্কে
ii. স্বাস্থ্যবিধি সম্পর্কে
iii. পরিষ্কার-পরিচ্ছন্নতা সম্পর্কে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১০. **'মত বিরোধ নয় সমন্বয় ও শান্তি'— এটি কার বাণী?**
ক) স্বামী বিবেকানন্দের খ) রাজা রামমোহন রায়ের
গ) শ্রীরামকৃষ্ণের ঘ) অনুকূল চন্দ্রের

১১. **ধর্মাধর্ম নির্ণয়ে বেদের পরেই কোনটির স্থান?**
ক) স্মৃতিশাস্ত্রের খ) সদাচারের
গ) বিবেকের বাণীর ঘ) মহাভারতের

১২. **বাংলা মাসের শেষ দিনকে কী বলা হয়?**
ক) চৈত্র সংক্রান্তি খ) মাঙ্গলিক
গ) মকর ঘ) সংক্রান্তি

১৩. **শ্রীমদ্‌ভগবদ্‌গীতা ভক্তিবাদে সমৃদ্ধ- এখানে ভগবানের বক্তব্য—**
i. আমরা ভজনা করো
ii. কর্মের ফলাফল আশা করো
iii. আমাতেই কর্ম সমর্পণ করো
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৪. **শিব পূজার অঙ্গ হিসেবে কোনটি উদ্‌যাপন করা হয়?**
ক) অগ্নি পূজা খ) চড়ক পূজা
গ) কার্তিক পূজা ঘ) গণেশ পূজা

১৫. **তীর্থস্থান ভ্রমণ করা একটি পবিত্র কাজ-এর কারণ কী?**
ক) শরীর সুস্থ রাখে
খ) এতে পুণ্যলাভ করা যায়
গ) ব্যক্তি জীবনকে সুন্দর করে
ঘ) কাজে একাগ্রতা আসে

১৬. **'কর্মভেদে বর্ণ বিভাজন হয়'— কোন গ্রন্থে বলা হয়েছে?**
ক) শ্রীমদ্‌ভগবদ্‌গীতা খ) উপনিষদ
গ) রামায়ণ ঘ) চণ্ডী

https://teachingbd24.com

**১৭. কে আদ্য শ্রাদ্ধের অধিকারী?**

ক) কনিষ্ঠ পুত্র  খ) জ্যেষ্ঠ কন্যা
গ) জ্যেষ্ঠ পুত্র  ঘ) কনিষ্ঠ কন্যা

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও:**

বিজয় তার শিক্ষা জীবন শেষ করেছে। তাদের ব্যাচের সহপাঠীদের বিদায় জানাতে তার প্রতিষ্ঠানটি একটি অনুষ্ঠানের আয়োজন করে।

**১৮. হিন্দু সংস্কার মতে অনুচ্ছেদের বর্ণিত অনুষ্ঠানটি হলো—**

ক) সীমন্তোন্নয়ন  খ) নামকরণ
গ) অন্নপ্রাশন  ঘ) সমাবর্তন

**১৯. এ অনুষ্ঠান শেষে ছাত্ররা—**

i. গৃহে ফিরে আসে
ii. উপদেশ লাভ করে
iii. সম্পদ লাভ করে

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii  খ) ii ও iii
গ) i ও iii  ঘ) i, ii ও iii

**২০. নবমী তিথিতে দেবী দুর্গাকে কী হিসেবে পূজা করা হয়?**

ক) মহাকালী  খ) মহাসরস্বতী
গ) মহালক্ষ্মী  ঘ) মহাচণ্ডিকা

**২১. কত খ্রিস্টাব্দে শ্রী বিজয়কৃষ্ণ জন্মগ্রহণ করেন?**

ক) ১৮৪০  খ) ১৮৪১
গ) ১৮৪২  ঘ) ১৮৪৩

**২২. কার অন্তিম সময়ে শঙ্কর উপস্থিত থাকবেন বলে কথা দিয়েছেন?**

ক) মায়ের  খ) বাবার
গ) ঠাকুরদাদার  ঘ) ঠাকুর মায়ের

**২৩. বিধবা বিবাহ প্রচলনের জন্য বিদ্যা সাগরকে মহাবীর বলে কে আখ্যায়িত করেছিলেন?**

ক) শ্রী বিজয়কৃষ্ণ  খ) শ্রী গৌরাঙ্গ
গ) স্বামী বিবেকানন্দ  ঘ) শঙ্করাচার্য

**২৪. ১৪৯৮ খ্রিস্টাব্দে রাঠোর বংশে মীরাবাঈ জন্মগ্রহণ করেন। তিনি ছিলেন—**

i. রত্নসিংহ ও বীর কুঁয়রীর কন্যা
ii. রাও দুধাজীর নাতনি
iii. ভোজরাজের স্ত্রী

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**২৫. "হিতসঞ্চারিনী" কী?**

ক) সভা  খ) নাটক
গ) কবিতা  ঘ) কাব্য

**২৬. 'মা গুরুজন ব্রহ্মময়ী স্বরূপা'— এটি কার বাণী?**

ক) শঙ্করাচার্যের  খ) বিজয়কৃষ্ণের
গ) বিবেকানন্দের  ঘ) শ্রীরামকৃষ্ণের

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও:**

দশম শ্রেণির ছাত্র বিভাস অসৎ বন্ধুদের সাথে মিশে বিভিন্ন নেশা জাতীয় দ্রব্য গ্রহণ করে এবং প্রায়ই সে অনেক রাতে বাড়ি ফিরে আসে। তাকে নিয়ে বাবা মায়ের দুশ্চিন্তার শেষ নেই।

**২৭. নেশা জাতীয় দ্রব্য সেবনের ফলে বিভাসের হতে পারে—**

i. নিউমোনিয়া
ii. ব্রংকাইটিস
iii. ফুসফুসের ক্যান্সার

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**২৮. বিভাসকে সুপথে ফিরিয়ে আনার জন্য বাবা মায়ের উচিৎ—**

i. পুলিশে সোপর্দ করা
ii. অসৎ সঙ্গ থেকে ফিরিয়ে আনা
iii. ধর্মীয় মূল্যবোধ জাগ্রত করা

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**২৯. 'ভারত সেবশ্রম সংঘ' প্রতিষ্ঠা করেন কে?**

ক) স্বামী স্বরূপানন্দ  খ) স্বামী নিগমানন্দ
গ) ঋষি বিবেকানন্দ  ঘ) স্বামী প্রণবানন্দ

**৩০. শ্রীমার দীক্ষাগুরুর নাম কী?**

ক) স্বামী বিবেকানন্দ  খ) শ্রীগৌরাঙ্গ
গ) ঋষি অরবিন্দ  ঘ) শ্রী বিজয়কৃষ্ণ

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | গ | ৩ | গ | ৪ | খ | ৫ | ক | ৬ | ঘ | ৭ | খ | ৮ | ক | ৯ | গ | ১০ | ক | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | খ | ১৫ | খ |
| | ১৬ | ক | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | গ | ২১ | খ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | গ |

Teachingbd24.com